

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার শিবনগর ইউনিয়ন পরিষদের অধীন ১ নং ও ৬ নং ওয়ার্ডে শূন্য পদের বিপরীতে ১ জন করে পুরুষ/মহিলা গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ দেয়া হবে। উক্ত শূন্য পদের জন্য সংশ্লিষ্ট স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হলো। উল্লেখ্য যে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত করিতে হবে।

আবেদন পত্রে উল্লেখিত বিষয়াদি :

আবেদন পত্রে অবশ্যই প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা (গ্রাম, ডাকঘর, উপজেলা ও জেলা), বর্তমান ঠিকানা (গ্রাম, ডাকঘর, উপজেলা ও জেলা), জন্ম তারিখ, বয়স (বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে), নিজ ইউনিয়নের নাম, নিজ ওয়ার্ড নং, ধর্ম, জাতীয়তা, অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে।

মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় শারীরিক যোগ্যতাঃ-

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-

- ১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি;
- ২) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ);
- ৩) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;
- ৪) বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর;

মহিলা প্রার্থীর ক্ষেত্রে-

- ১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট;
- ২) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ);
- ৩) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি;
- ৪) বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর;

প্রয়োজনীয় কাগজপত্র :

- ১। শিক্ষাগত যোগ্যতা- কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদপত্রের সত্যায়িত কপি।
- ২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
- ৩। ভোটার আইডি ও জন্ম সনদের সত্যায়িত কপি।
- ৪। ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(মোঃ এহেতেশাম রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

☎- ০৫৩২৭-৫৬২৩১

✉: unofulbaridinajpur@mopa.gov.bd